

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/১৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২৯/আইন/২০২৫/০১/কাস্টমস।—জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত উপ-ধারার দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বিগত ২৯ আগস্ট, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ২৯৭-আইন/২০২৪/৮৯/কাস্টমস- এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত স্থল কাস্টমস স্টেশন দিয়া ৩১ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত আলু আমদানির জন্য উহাদেরকে কাস্টমস রুট হিসাবে ঘোষণা করিল, যথা:—

ক্রমিক নং	স্থল কাস্টমস স্টেশন	যে দেশ হতে আমদানি করা যাবে
(১)	(২)	(৩)
১.	রহনপুর উপজেলা: গোমস্তাপুর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ	নেপাল, ভুটান ও ভারত
২.	সোনাহাট উপজেলা: ভূরুঙ্গামারি, জেলা: কুড়িগ্রাম	ভুটান ও ভারত

(৩৯৯)

মূল্য : টাকা ৮.০০

ক্রমিক নং	স্থল কাস্টমস স্টেশন	যে দেশ হতে আমদানি করা যাবে
(১)	(২)	(৩)
৩.	খানুয়া কামালপুর উপজেলা: বকশিগঞ্জ, জেলা: জামালপুর	ভারত
৮.	নারুগাঁও উপজেলা: নলিতাবাড়ি, জেলা: শেরপুর	নেপাল, ভুটান ও ভারত
৫.	গোবরাকুড়া উপজেলা: হালুয়াঘাট, জেলা: ময়মনসিংহ	ভুটান ও ভারত
৬.	কড়ইতলী উপজেলা: হালুয়াঘাট, জেলা: ময়মনসিংহ	ভুটান ও ভারত
৭.	তামাবিল উপজেলা: গোয়াইনঘাট, জেলা: সিলেট	নেপাল, ভুটান ও ভারত
৮.	জকিগঞ্জ উপজেলা: জকিগঞ্জ, জেলা: সিলেট	ভারত
৯.	শেওলা উপজেলা: বিয়ানিবাজার, জেলা: সিলেট	ভারত

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩১ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
মোহাম্মদ আসাদ-উজ্জ-জামান
প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd